


# যুগান্তর

প্রাথমিক সমাপনী পরীক্ষা শুরু

## ক্ষুদে শিক্ষার্থীদের পরীক্ষায়ও বহিষ্কার

প্রকাশ : ১৯ নভেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



প্রাথমিক সমাপনী পরীক্ষায় শিক্ষার্থীরা। ছবি: যুগান্তর

দেশের সবচেয়ে বড় পরীক্ষা প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা রোববার শুরু হয়েছে। ক্ষুদে শিক্ষার্থীদের এই পরীক্ষায়ও একজন বহিষ্কৃত হয়েছে। সে মাদ্রাসার ইবতেদায়ি স্তরের শিক্ষার্থী। প্রথম দিন প্রাথমিক ও ইবতেদায়িতে উভয় স্তরে ইংরেজি বিষয়ের পরীক্ষা ছিল। আজ বাংলা পরীক্ষা নেয়া হবে।

রোববার পরীক্ষা শুরুর আগে সকালে রাজধানীর বেইলি রোডে ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্র পরিদর্শনে যান

গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান ফিজার। এ সময় সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, শিক্ষানীতি মতে প্রাথমিক শিক্ষা কার্যক্রম হবে অষ্টম শ্রেণী পর্যন্ত। কিন্তু এখন পর্যন্ত তা বাস্তবায়ন হয়নি।

যখন বাস্তবায়ন হবে, তখন পঞ্চম শ্রেণীতে এই পরীক্ষা থাকবে কিনা, তখন সিদ্ধান্ত নেয়া হবে। তিনি বলেন, তবে বিষয়টি মন্ত্রিসভায় আছে। মন্ত্রিসভা যদি সিদ্ধান্ত দেয়, তাহলে এখনও একটি পরীক্ষা হতে পারে।

কারণ, এই পরীক্ষাগুলো মন্ত্রিসভার সিদ্ধান্তের আলোকেই হয়ে আসছে। প্রাথমিক শিক্ষা অধিদফতরের (ডিপিই) নিয়ন্ত্রক কক্ষের তথ্য অনুযায়ী, রোববার শুরু হওয়া এ পরীক্ষায় এবার মোট ৩০ লাখ ৯৫ হাজার ১২৩ জন ক্ষুদে শিক্ষার্থীর অংশ নেয়ার কথা থাকলেও এক লাখ ৬০ হাজার ১৬৮ জন অনুপস্থিত ছিল।

এর মধ্যে প্রাথমিক শিক্ষা সমাপনীতে এক লাখ ১৭ হাজার ৭৫৩ জন, আর ইবতেদায়ীতে অনুপস্থিত ছিল ৪২ হাজার ৪১৫ জন। প্রাথমিকের অনুপস্থিত শিক্ষার্থীর মধ্যে ৬৩ হাজার ৮৬২ জন ছাত্র আর ৫৩ হাজার ৮৯১ জন ছাত্রী। অন্যদিকে ইবতেদায়ীতে অনুপস্থিত শিক্ষার্থীর মধ্যে ছাত্র ২৬ হাজার ছয় জন আর ছাত্রী ১৬ হাজার ৪০৯ জন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।